

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৬৬

১/ বিবিধ

আরবী

من لا حياء له فلا غيبة له
ضعيف جدا

رواه ابن عساكر (15 / 306 / 1) من طريق أبي بكر الخرائطي: حدثنا محمد بن عبد الرحمن السراج الرقي: حدثنا سليمان بن عبد الرحمن بن شرحبيل حدثنا الحكم بن يعلى بن عطاء المحاربي حدثنا عبد الله بن وهب عن ابن جريج عن عطاء [عن] ابن عباس مرفوعا. قلت: وهذا سند ضعيف جدا، ابن جريج مدلس وقد عنعنه. والحكم بن يعلى، قال أبو حاتم: "متروك الحديث منكر الحديث". وقال أبو زرعة: "ضعيف الحديث منكر الحديث". كما في "الجرح والتعديل" (1 / 2 / 130 - 131). وقال البخاري في "التاريخ الكبير": "قال لي سليمان بن عبد الرحمن (يعني الراوي لهذا الحديث عنه): عنده عجائب، منكر الحديث، زاهب، تركت أنا حديثه". كذا في "اللسان". والحديث أورده السيوطي في "الجامع" من رواية الخرائطي في "مساوى الأخلاق" وابن عساكر عن ابن عباس. وبيض له المناوي

বাংলা

১৮৬৬। যার লজ্জা নাই তার গীবাতও নাই।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ইবনু আসাকির আবু বাকর খারাইতী সূত্রে মুহাম্মাদ ইবনু আব্দুর রহমান সিরাজ রাকী হতে, তিনি

সুলাইমান ইবনু আব্দুর রহমান ইবনু শুরাহবীল হতে, তিনি হাকাম ইবনু ইয়ালা ইবনু আতা মুহারেবী হতে, তিনি তিনি আব্দুল্লাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। ইবনু জুরায়েয মুদাল্লিস আনআন করে বর্ণনা করেছেন। আর হাকাম ইবনু ইয়ালা সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি মাতরুকুল হাদীস, মুনকারুল হাদীস। আবু যুর'আহ বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল, মুনকারুল হাদীস। যেমনটি "আরজারহু অততা'দীল" গ্রন্থে (১/২/১৩০-১৩১) এসেছে।

ইমাম বুখারী "আততারীখুল কাবীর" গ্রন্থে বলেনঃ আমাকে সুলাইমান ইবনু আব্দুর রহমান (এ হাদীসের বর্ণনাকারী) বলেনঃ তার নিকট আজব আজব বস্তু রয়েছে। তিনি মুনকারুল হাদীস, যাহেব, আমি তার হাদীসকে ত্যাগ করেছি। "আললিসান" গ্রন্থে এরূপই এসেছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72749>

📌 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন